# শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল

সি/১২, তেঁতুইবাড়ি, কাশিমপুর, গাজীপুর। ই-মেইল : info@sfmmkpjsh.com

KPJ HEALTHCARE®

*Care For Life*

## কেপিজে বুলেটিন



## জুলাই ২০২২



**Eid ul Adha Greetings from Hospital Management to IPD patient**

## উপদেষ্টা মন্ডলী

**মোহাম্মদ তৌফিক বিন ইসমাইল-** প্রধান নির্বাহী কর্মকর্তা

**ডাঃ রাজীব হাসান-** পরিচালক, মেডিকেল সার্ভিস

**নুর আদিলা বিনতি শুইব-** প্রধান অর্থনৈতিক কর্মকর্তা

**রুজিতা মোহাম্মদ দান-** প্রধান নার্সিং কর্মকর্তা

## মুখ্য সম্পাদক

**ডাঃ মোঃ আরিফুর রহমান**
কনসালটেন্ট, কার্ডিওলজী
চেয়ারপার্সন
সিএমই কমিটি ২০২২-২৩

## সহ সম্পাদক

**ডাঃ সৈয়দা সানজিদ আরা নূপুর**
কনসালটেন্ট, গাইনী এবং অবসটেট্রিক্স

## সদস্য

**ডাঃ মোদাস্‌সির হোসাইন শাফী**

**এনামুল হক দেওয়ান**

**বিকাশ চন্দ্র ঘোষ**

# আন্তর্জাতিক নার্স দিবস ২০২২



## রুজিতা মোহাম্মদ দান

**প্রধান নার্সিং কর্মকর্তা**

বিগত ১২ই মে, ২০২২ইং ছিল আন্তর্জাতিক নার্সেস দিবস। বিশ্বের অন্যান্য দেশ ও প্রতিষ্ঠানের সাথে মিল রেখে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে দিবসটি উদযাপন করা হয়।

এ বছরের দিবসটির প্রতিপাদ্য " Nurses: A Voice to Lead - Invest in Nursing and respect rights to secure global health. "- যার ভাবার্থ দাঁড়ায় নার্সিং পেশাকে যথাযথ সম্মান প্রদর্শন এবং বিনিয়োগের মাধ্যমে নার্সদের অধিকার এবং স্বাস্থ্য সেবা দানকে সুনিশ্চিত করা।

প্রতি বছর ফ্লোরেন্স নাইটিংগেল এর জন্মদিনে নার্সিং পেশায় তার অবদানকে সম্মান প্রদর্শন পূর্বক এ দিবসটি পালিত হয়।

নার্সিং কলেজের অডিটোরিয়ামে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাসপাতাল এর প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ তৌফিক বিন ইসমাইল, আরো উপস্থিত ছিলেন পরিচালক ডা. রাজীব হাসান, প্রধান অর্থনৈতিক কর্মকর্তা নূর আদিলা বিনতে শুইব, অধ্যক্ষ নার্সিং কলেজ শাহনাজ পারভীন, অত্র হাসপাতালে কনসালটেন্ট, মেডিকেল অফিসার এবং অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠানটিতে স্বাগত বক্তব্য রাখেন প্রধান নার্সিং কর্মকর্তা রুজিতা মোহাম্মদ দান। শুভেচ্ছা বক্তব্য রাখেন সিইও-মোহাম্মদ তৌফিক বিন ইসমাইল, ডিরেক্টর- ডা. রাজীব হাসান, শাহনাজ পারভীন, অধ্যক্ষ নার্সিং কলেজ।

নার্সিং শপথ পাঠ, ভিডিও প্রেজেন্টেশন এবং কোভিড সেবায় নিয়োজিত নার্সদের সম্মাননা জানানো, সার্টিফিকেট এবং উপহার প্রদানের মাধ্যমে দিবসটি উদ্‌যাপিত হয়।



# চর্ম, এলার্জি ও যৌন রোগ বিষয়ে সচেতনতায় আমরা আছি আপনার পাশে




## ডাঃ রাশীদুল হাসান

**এম.বি.বি.এস, এম.ডি**
**(বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়)**
**কনসালটেন্ট - স্কিন ডিজিস, এলার্জি এন্ড ভিডি**


চর্ম ও যৌন স্বাস্থ্য আমাদের সুস্বাস্থ্য ও স্বাভাবিক জীবন যাপনের জন্য অত্যন্ত প্রয়োজনীয় একটি বিষয়। কিন্তু নানাবিধ কারনে আমরা গুরুত্বপূর্ণ এই বিষয়টির দিকে নজর দেই না। এতে করে ক্ষুদ্র সমস্যা গুলোও এক পর্যায়ে অনেক বড় আকার ধারন করে যা আমাদের দৈনন্দিন জীবনে সমস্যার তৈরি করে।

আর এ সমস্যা সমাধানের জন্য কেপিজে স্কিন ডিজিস, এলার্জি ও ভিডি ডিপার্টমেন্ট আপনার পাশে আছে সব সময়।

বিশেষজ্ঞ চিকিৎসক এবং অত্যাধুনিক সরঞ্জামের সমন্বয়ে আমরা দিচ্ছি সর্বাধুনিক সেবা। এর মধ্যে নিম্নলিখিত সমস্যা সমূহের চিকিৎসা অত্যন্ত সফলতার সাথে দিয়ে আসছে অত্র হাসপাতালে-


- মুখের বিভিন্ন গোটা ও ব্রন জনিত সমস্যা
- মুখের বিভিন্ন প্রকারের কালো দাগ ও মেছতা, তিল জনিত সমস্যা
- চোখের চারদিকের কালো দাগ
- চুল পড়ার সমস্যা
- একজিমা
- শরীরে যেকোন চুলকানি / এলার্জি সমস্যা

☑ দীর্ঘদিনের পুরাতন এবং গুরুতর চর্মরোগ

- শিশুদের চর্মরোগ
- শ্বেতী রোগ
- মুখ গহ্বরের বিভিন্ন সমস্যা
- দাঁদ ও দাউদ রোগ
- যৌন সনস্যা যেমন
  - √উত্থান জনিত সমস্যা
  - √ দ্রুত পতন জনিত সমস্যা

☑ যৌনবাহিত রোগ যেমন গনোরিয়া, সিফিলিস ইত্যাদি।

এসব রোগের উন্নত চিকিৎসা সুনিশ্চিত করতে রয়েছে ডারমোস্কোপ, ক্রায়োসার্জারী, ইলেক্ট্রকটারি, স্কিন বায়োপসি, পিআরপি সুবিধা এবং আরো অনেক সরঞ্জামাদি। তাই আপনার চর্ম ও যৌনরোগের যেকোন সমস্যায় আপনি নির্দ্বিধায় চলে আসুন আমাদের এই বিশেষায়িত হাসপাতালে।



# ইকোকার্ডিওগ্রাফি বিষয়ে আপনার পাশে আমরা



## ডাঃ মোঃ মনিরুজ্জামান

**কনসালটেন্ট,**

**কার্ডিওলজি এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজি**

ইকোকার্ডিওগ্রাফি হৃৎপিণ্ডের বিভিন্ন রোগ নির্ণয়ে বর্তমানে বহুলপ্রচলিত একটা পরীক্ষা।

আল্ট্রাসাউন্ডের মাধ্যমে হৃৎপিণ্ড পরীক্ষাকে ইকো কার্ডিওগ্রাফি বলে।

ইকো করার সময় আল্ট্রাসাউন্ড মেশিনের ছোট প্রোবটিকে রোগীর বুকে রাখা হয়। এটাকে Transthoracic ইকো বলে। মেশিনের প্রোবটিকে রোগীর বুকের বিভিন্ন স্থানে ঘুরিয়ে হৃৎপিণ্ডের বিভিন্ন ধরনের ছবি নেয়া হয়। রোগীকে সাধারণত বাম কাতে শুইয়ে আল্ট্রাসাউন্ড জেলি বুকে লাগিয়ে ইকো করা হয়। ইকো করার সময় রোগীর ইসিজিও রেকর্ডিং করা যায়।

**প্রকারভেদে ইকো অনেক রকমের হতে পারেঃ**

- ☑ ট্র্যান্স-থোরাসিক ইকোকার্ডিওগ্রাম
- ☑ ট্র্যান্স-ইসোফেজিয়াল ইকোকার্ডিওগ্রাম
- ☑ স্ট্রেস ইকোকার্ডিওগ্রাফি
- ☑ স্ট্রেন রেট ইমেজিং (Stain)
- ☑ ত্রি-মাত্রিক ইকোকার্ডিওগ্রাফি (3D)
- ☑ চতুর্মাত্রিক ইকোকার্ডিওগ্রাফি (4D)

অত্র হাসপাতালের অত্যাধুনিক ইকোকার্ডিওগ্রাফি যন্ত্রের মাধ্যমে, সুদক্ষ হৃদরোগ বিশেষজ্ঞের দ্বারা সব ধরনের ইকো পরীক্ষা করা হয়ে থাকে।

অচিরেই আমাদের সেন্টারে Trans-oesophageal echo এবং 4D echo শুরু করা হবে।



# শিশু সার্জারীর উন্নত চিকিৎসার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান



## ডাঃ মোহাম্মদ সাইফুর রশিদ

**স্পেশালিস্ট,**
**নবজাতক, শিশু কিশোর সার্জারী বিশেষজ্ঞ**

শিশু ও কিশোর রোগীদের উন্নত চিকিৎসা সুনিশ্চিত করতে শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতাল এখন আপনারই পাশে। শিশুদের যেসব রোগে অপারেশন প্রয়োজন, অত্যন্ত সফলভাবে সেসব সেবা প্রদান করে চলেছে শিশু সার্জারী ইউনিট। আমাদের এই ইউনিটটি দক্ষ শিশু সার্জারী বিশেষজ্ঞ এবং অভিজ্ঞ দল নিয়ে গঠিত। উল্লেখযোগ্য সেবাগুলোর মধ্যে অন্যতম সেবাগুলো হলো -

- ☑ পেটের পীড়া, কোষ্ঠ্যকাঠিন্য
- ☑ হার্নিয়া
- ☑ হাইড্রোসিল
- ☑ একশিরা জন্মগত ভাবে অন্ডকোষ কুঁচকি অথবা পেটের ভিতরে থাকা
- ☑ প্রস্রাবের পথ নিচে থাকা
- ☑ খাদ্যনালী তৈরি না হওয়া অথবা নাড়ীর প্যাঁচ লাগা
- ☑ জন্মগতভাবে পায়খানার পথ না থাকা
- ☑ পায়ুপথ দিয়ে রক্ত পড়া ও ফোঁড়া থাকা
- ☑ বাচ্চাদের বমি সংক্রান্ত সমস্যা
- ☑ দীর্ঘ দিন ধরে বমি/জন্ডিস/পেট ব্যথা
- ☑ পায়খানার পথ মাসিকের পথে থাকা
- ☑ যে কোন টিউমার
- ☑ যে কোন জন্মগত ত্রুটি
- ☑ সুন্নতে খাতনা

শিশুরোগের যেকোন জটিল সমস্যা সমাধানে আমাদের অভিজ্ঞ শিশুসার্জারী ইউনিট থাকবে সব সময় আপনার পাশে।





# প্লাস্টিক সার্জারী একটি সুপার স্পেশালিটি সার্জারী




## ডাঃ সুব্রত শেখর কর

**কনসালটেন্ট,**

**বার্ন, প্লাস্টিক, রিকন্সট্রাকটিভ এন্ড কসমেটিক সার্জন**


প্লাস্টিক সার্জারীর মতো উন্নত স্বাস্থ্যসেবা এখন সম্ভব বাংলাদেশে।

শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালে এই স্বাস্থ্যসেবার সুব্যবস্থা রয়েছে।

প্লাস্টিক সার্জারীর এই সেবা সমূহের মধ্যে অন্যতম হচ্ছে রিকন্সট্রাকটিভ সার্জারী।

জন্মগত ক্রুটি, ঠোঁট কাটা, তালু কাটা, হাত ও পায়ের এক বা একাধিক আঙ্গুল জোড়া লেগে থাকা, চামড়ার নিচে রক্তনালীর টিউমার, জন্মগত ছোট কান বা কানের অস্বাভাবিক আকার ও আকৃতি জনিত জটিলতার চিকিৎসা করার অন্যতম পদ্ধতি এই রিকন্সট্রাকটিভ সার্জারী।

রোগ পরবর্তী জটিলতায় যেমন: ব্রেস্ট টিউমার বা ক্যান্সার পরবর্তী নতুন Breast তৈরি করা, অপারেশনের মাধ্যমে Breast এর আকার- আকৃতি পরিবর্তন করা এবং ইমপ্ল্যান্ট বসানো ইত্যাদিও রিকন্সট্রাকটিভ সার্জারী মাধ্যমে করা হয়।

বিভিন্ন ধরনের কসমেটিক বা সৌন্দর্য বর্ধন সার্জারী, যেমন: নাকের কসমেটিক সার্জারী / রাইনোপ্লাস্টি, Liposuction এর মাধ্যমে পেটের অতিরিক্ত চর্বি কমানো, হেয়ার ট্রান্সপ্লান্টেশন, পুরুষের বড় স্তনের সার্জারী (Gynecomastia), Vaginoplasty, Lipoabdominoplasty সহ অন্যান্য সব ধরনের কসমেটিক সার্জারীও প্লাস্টিক সার্জারীর অন্তর্গত।

যেকোন ধরনের পুড়ে যাওয়া রোগী এবং পোড়া পরবর্তী জটিলতা, দূর্ঘটনার মাধ্যমে রক্তনালী, হাত / পায়ের রগ কেটে যাওয়া এবং স্নায়ুর ইনজুরিতেও চিকিৎসা দেওয়া হয়ে থাকে প্লাস্টিক সার্জারীর মাধ্যমে।

এছাড়াও যেকোন ধরনের কাটা দাগ, টিউমার, আঁচিল, দীর্ঘমেয়াদী ক্ষত (ডায়াবেটিক ফুট, শয্যাশায়ী রোগীদের পিঠে ঘাঁ) এসব রোগের চিকিৎসা প্লাস্টিক সার্জারীর মাধ্যমেই সম্ভব।

প্লাস্টিক সার্জারীর অন্যতম শাখা মাইক্রোসার্জারীর মাধ্যমে দূর্ঘটনার কারনে কেটে ও পুড়ে যাওয়া হাত, পা, আঙ্গুল পুনরায় জোড়া লাগানো, শরীরের এক জায়গা থেকে অন্য জায়গায় মাংস, চামড়া ইত্যাদি প্রতিস্থাপন করা হয়।

এ ধরনের জটিলতায় আর দেরি না করে চলে আসুন শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল কেপিজে বিশেষায়িত হাসপাতালের বার্ন প্লাস্টিক ও রিকন্সট্রাকটিভ সার্জারী ইউনিটে।















# শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল
# কেপিজে বিশেষায়িত হাসপাতাল

সি/১২, তেঁতুইবাড়ি, কাশিমপুর, গাজীপুর। ই-মেইল : info@sfmmkpjsh.com

KPJ HEALTHCARE® Care For Life

গ্রাহক সেবা কেন্দ্র ০২-৪৪০৭৭০৩০-৩১ ফোন: (+৮৮) ০১৮১০-০০৮০৮০